গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন কর্মসূচী পালন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ আবদুস সামাদ, ভারপ্রাপ্ত সচিব
সভার তারিখ	:	১৯.০২.২০১৮ খ্রিঃ
সময়	:	বেলা ১০.০০ টা
স্থান	:	সম্মেলন কক্ষ।

সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ নামের তালিকা ঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, এলডিসিভুক্ত দেশের ক্যাটাগরি হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে সারাদেশে একটি উৎসবের আমেজ বিরাজ করছে। এই উত্তরণের সম্ভাবনা কাজে লাগানোর জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে সেমিনার আয়োজনসহ বিভিন্ন কর্মসূচী পালনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচীতে এ মন্ত্রণালয়ের সকল দপ্তর সংস্থাকে স্বপ্রণোদিত হয়ে অংশগ্রহণ করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও কর্মসূচীতে প্রত্যেক দপ্তর সংস্থার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, অর্জিত সাফল্য, ভবিষ্যৎ পরিকল্পনা, উদ্ভাবনীমূলক কাজকে ই-সার্ভিসের মাধ্যমে বিভিন্ন সেবা সহজিকরণ করে এবং দ্রুততার সাথে জনগণের দোরগোড়ায় সেবাকে কিভাবে পৌছে দেয়া যায় তা গুরুত্বের সাথে উপস্থাপনের জন্য সভাপতি সভায় বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতি আরও জানান যে, আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ মন্ত্রণালয়ের ব্যানারে এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে নৌপরিবহন সেক্টরের সাফল্য, চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে একটি সেমিনারের আয়োজন করা হবে। এ উপলক্ষ্যে আগামী ২১ থেকে ২৪ মার্চ পর্যন্ত উৎসবমুখর পরিবেশের মাধ্যমে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার উদ্যোগে ঢাকার বাইরে সেমিনার/উন্নয়নধর্মী প্রচরণামূলক ভিডিও প্রদর্শনী/অনুষ্ঠান আয়োজনের পদক্ষেপ গ্রহণের লক্ষ্যেও সভাপতি সকল দপ্তর/সংস্থা প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে সভাপতি ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে উপস্থিত ঢাকার বাইরে অবস্থিত দপ্তর/সংস্থা প্রধানগণকে আলোচনায় অংশগ্রহণনের জন্য আহবান জানান। তারাও এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের এ অর্জনকে আনন্দ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের বিষয়ে তাদের আগ্রহ ও সম্পৃক্ত হবার ইচ্ছা পোষণ করেন। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণও আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০৩। সিদ্ধান্তসমূহঃ

৩.১। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ অর্ধ দিবসব্যাপী 'এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণঃ নৌপরিবহন সেক্টরের অর্জিত সাফল্য, চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা' শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হবে;

৩.২। কৃষিবিদ ইনস্টিটিউশন, ফার্মগেট এর অডিটোরিয়ামে সকাল ১০.০০ টা হতে এ সেমিনার আয়োজন করা হবে;

৩.৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি কৃষিবিদ ইনস্টিটিউশনের অডিটোরিয়াম ও কনভেনশন হল সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করবেন;

৩.৪। এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের এ অসামান্য সাফল্যকে উৎসব উদ্দীপনার মাধ্যমে প্রচারণার লক্ষ্যে মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমকে ব্যানার, ফেস্টুনের মাধ্যমে প্রচারণার উদ্যোগ গ্রহণ করতে হবে;

৩.৫। চেয়ারম্যান, নৌপরিবহন অধিদপ্তর সিটি করর্পোরেশনের সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগযোগপূর্বক ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও দৃশ্যমান সড়কদ্বীপে উৎসব উপলক্ষ্যে আগামী ২১ থেকে ২৫ মার্চকে লক্ষ্য রেখে প্রচারণামূলক ব্যানার, ফেস্টুন প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবেন;

৩.৬। সেমিনার পেপার উপস্থাপনের পূর্বে ৩০ মিনিটের একটি ভিডিও ক্লিপ প্রদর্শন করা হবে। উক্ত ভিডিও ক্লিপে দপ্তর সংস্থার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমকে ২ মিনিটের মধ্যে উপস্থাপন করতে হবে। জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব ও জনসংযোগ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় এ বিষয়ে দপ্তর সংস্থার সাথে যোগাযোগ করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন;

৩.৭। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ আয়োজিতব্য সেমিনার স্থলে একটি ফটোগ্যালারী নির্মাণ করতে হবে। প্রত্যেকটি দপ্তর সংস্থার উন্নয়নমূলক কার্যক্রমের ছবিসমূহ উক্ত ফটোগ্যালারীতে প্রদর্শন করতে হবে। জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব ও জনসংযোগ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় উক্ত ছবি সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করবেন;

৩.৮। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ আয়োজিতব্য সেমিনারে নিম্নেবর্ণিত বিষয়গুলি নিবন্ধ আকারে উপস্থাপন করা হবেঃ

(ক) নদী পথের নাব্যতা রক্ষায় ড্রেজিং কার্যক্রম, এর অর্জিত সাফল্য, ভবিষ্যৎ পরিকল্পনা এবং চ্যালেঞ্জসমূহ;

(খ) দেশের স্থল/সমুদ্র/নদী বন্দর ব্যবস্থাপনায় অর্জিত সাফল্য এবং চ্যালেঞ্জসমূহ;

(গ) নৌপথ ও নৌযানের সুষ্ঠু ব্যবস্থাপনার বিধি বিধান ও নাবিক প্রশিক্ষণ বিষয়াদি ।

৩.৯। সেমিনারে চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ বর্ণিত নিবন্ধে (ক) অনুচ্ছেদটি উপস্থাপন করবেন (খ) অনুচ্ছেদটি চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নেতৃত্বে চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ এবং চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ নিজ নিজ দপ্তর সংশ্লিষ্ট অংশের উপস্থাপন করবেন এবং (গ) অংশের নিবন্ধটি অর্থাৎ নৌপরিবহন সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ আইন, কনভেশন, চুক্তি, প্রটোকল ইত্যাদিসহ নৌবিদ্যা ও নাবিক প্রশিক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর উপস্থাপন করবেন। সামগ্রিক সেমিনার পেপার উপস্থাপন আয়োজনের বিষয়টি জনাব ভোলা নাথ দে, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় তত্ত্বাবধান করবেন;

৩.১০। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ ঢাকায় আয়োজিতব্য সেমিনার ছাড়াও ঢাকার বাইরে ২১ থেকে ২৪ মার্চ ২০১৮ এর মধ্যে অধীনস্থ দপ্তর সংস্থাও বিভিন্ন কর্মসূচী পালন করবে। নৌপরিবহন মন্ত্রণালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণ নিম্নরুপ কর্মসূচীতে অতিথি হিসেবে অংশগ্রহণ করবেনঃ

(ক)	২১ মার্চঃ	সদরঘাট, ঢাকা; আয়োজনে - বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি অতিথি - জনাব মোঃ শাহাদৎ হোসেন, অতিরিক্ত সচিব
(খ)	২১ মার্চঃ	বরিশাল; আয়োজনে - বিআইডব্লিউটিএ এবং পায়রা পোর্ট অতিথি - জনাব মনোজ কান্তি বড়াল, যুগ্মসচিব
(গ)	২২ মার্চঃ	চাঁদপুর; আয়োজনে - বিআইডব্লিউটিএ অতিথি - জনাব মোঃ আব্দুল কুদ্দুস খান, অতিরিক্ত সচিব
(ঘ)	২২ মার্চঃ	মোংলা অথবা খুলনা; আয়োজনে - মোংলা বন্দর কর্তৃপক্ষ অতিথি - জনাব আবদুছ ছাত্তার শেখ, যুগ্মসচিব
(ঙ)	২৩ মার্চঃ	বেনাপোল; আয়োজনে - বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ অতিথি - জনাব মোহাম্মদ শাফায়েত হোসেন, যুগ্মসচিব
(চ)	২২ অথবা ২৩ মার্চঃ	চট্টগ্রাম; আয়োজনে - চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ অতিথি - জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী, যগ্মসচিব

৩.১১। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আগামী ২৫ মার্চ ঢাকায় অনুষ্ঠিতব্য সেমিনারে আপ্যায়ন সংশ্লিষ্ট বিষয়টি নিশ্চিত করবেন;

৩.১২। সেমিনার উপলক্ষে অনুষ্ঠানসূচী উল্লেখপূর্বক দাওয়াত কার্ড ছাপাতে হবে এবং সংশ্লিষ্টদের আমন্ত্রণ জানাতে হবে। যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় বিষয়টি নিশ্চিত করবেন;

৩.১৩। সেমিনারে আগত সম্ভাব্য অতিথি/স্টেক হোল্ডারদের একটি তালিকা সকল দপ্তর সংস্থা হতে মন্ত্রণালয়ের ফোকাল পারসনের নিকট আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট দপ্তর সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন;

৩.১৪। জনাব মোঃ শাহাদৎ হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন), জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী, যুগ্মসচিব এবং জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় সামগ্রিক বিষয়ে ফোকাল পারসন হিসেবে দায়িত্ব পালন করবেন;

৩.১৫। এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের এ অসামান্য অর্জনকে উৎসবমূখর পরিবেশের মাধ্যমে উদযাপনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহের অগ্রগতি মন্ত্রণালয় কর্তৃক পর্যবেক্ষণ করা হবে।

৪।	পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে এ উৎসব আয়োজনে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহবান জানিয়ে এবং আয়োজিতব্য কর্মসূচীর সাফল্য কামনা করে ধন্যবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখঃ ১৯-০২-২০১৮ খ্রিঃ
মোঃ আবদুস সামাদ
ভারপ্রাপ্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.৩৩.০৪৭-১১(অংশ-১)- ২৬৯	তারিখঃ ১৯-০২-২০১৮ খ্রিঃ

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো)ঃ

১।	অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাণিজ্যিক/আইন), নৌপরিবহন মন্ত্রণালয়।
২।	চেয়ারম্যান, চবক/পাবক/মোবক/বাস্থবক/বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিএ/জাতীয় নদী রক্ষা কমিশন।
৩।	মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৪।	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫।	যুগ্মসচিব (বাস্থবক ও মবক/চবক ও প্রশাসন/টিএ/বাজেট ও পাবক/জাহাজ, উন্নয়ন ও আইন/ অডিট ও টিসি/যুগ্মপ্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
৬।	কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
৭।	প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ১৪৫ বেইলী রোড, ঢাকা।
৮।	উপসচিব/উপপ্রধান (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৯।	সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১০।	অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১১।	প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২।	সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩।	প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৪।	হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

অনুলিপি ঃ

১। মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

জাজরীন নাহার
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd

E:\OLD PC DRIVE E\BIDYUT\Rejulation-from sermin.docx